# বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

**জনসংযোগ শাখা**

তারিখ: ০৫ জুলাই, ২০২৫

## শোক সংবাদ

বাংলাদেশ নির্বাচন কমিশন গভীর শোক ও দুঃখের সঙ্গে জানাচ্ছে যে, সাবেক প্রধান নির্বাচন কমিশনার ড. এ. টি. এম. শামসুল হুদা আজ ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি আজ সকালে রাজধানীর গুলশানে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মরদেহ বর্তমানে ইউনাইটেড হাসপাতালে রাখা হয়েছে। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। তিনি স্ত্রী, এক কন্যা এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

ড. এ. টি. এম. শামসুল হুদা ২০০৭ সালের ৫ ফেব্রুয়ারি থেকে ২০১২ সালের ৫ ফেব্রুয়ারি পর্যন্ত পাঁচ বছর মেয়াদে প্রধান নির্বাচন কমিশনার (CEC) হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি ১৯৪২ সালে ফরিদপুর জেলার সদর উপজেলায় জন্মগ্রহন করেন। স্বাধীনতা পরবর্তী সময়ে তিনি পাকিস্তান সিভিল সার্ভিস (CSP) থেকে বাংলাদেশ সিভিল সার্ভিসে (BCS) যোগদান করেন। তাঁর কর্মজীবনে তিনি বাগেরহাট মহকুমার প্রশাসক, পানি সম্পদ মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সচিব এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকসহ একাধিক গুরুত্বপূর্ণ পদে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন।

বাংলাদেশ নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে।

আল্লাহ তাআলা তাঁকে জান্নাতুল ফেরদৌস নসিব করুন। আমিন।

০৫/০৭/২৫

(মোঃ আশাদুল হক)
সহকারী পরিচালক (জনসংযোগ)
ফোন: ৫৫০০৭৫৫৬